ভবানীপুরে বিজেপির দলীয় কার্যালয়ের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বুধবার, কলকাতার ৭২ নম্বর ওয়ার্ডে নতুন কার্যালয়ের সূচনা করেন। এদিন লোকনাথ ব্রহ্মচারীর তিরোধান দিবস ছিল। তাঁর মূর্তি পুজো করে নতুন কার্যালয় উদ্বোধন করেন। ছবি: আজকাল

মুখ্যমন্ত্রীর কাছে করণ আদানি

আজকালের প্রতিবেদন

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠক করলেন আদানি গোষ্ঠীর অন্যতম কর্ণধার করণ আদানি। বুধবার নবান্নে এই বৈঠক হয়। নবান্ন সূত্রে খবর, মুখ্যমন্ত্রীর সঙ্গে আদানি গোষ্ঠীর কর্ণধার গৌতম আদানির পুত্র করণ আদানির মূলত পরিকাঠামো উন্নয়ন, বিদ্যুৎ, লজিস্টিক্স হাব নিয়ে আলোচনা হয়েছে। গ্রিনফিল্ড সড়ক নির্মাণ-সহ একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্প নিয়ে দুই পক্ষের মধ্যে আলোচনা হয়েছে বলেও সূত্রের খবর। তাজপুরে প্রস্তাবিত গভীর সমুদ্র বন্দর নিয়ে আলোচনা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।

জয়প্রকাশ মজুমদার গ্রেপ্তার

আজকালের প্রতিবেদন

বিধাননগরে একটি বসত বাড়ি দখল এবং শারীরিক হেনস্থার অভিযোগে গ্রেপ্তার তৃণমূল নেতা জয়প্রকাশ মজুমদার। ধৃত নেতার বিরুদ্ধে বিধাননগরের এ-ই ব্লকের একটি বাড়ি জবরদখল, বৃদ্ধা মালিককে কটূক্তি এবং হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। এই নিয়ে বুধবার বিকেলে জয়প্রকাশকে ঘিরে বিক্ষোভ দেখান বাড়ির মালিক ও স্থানীয়রা। খবর পেয়ে বিধাননগর উত্তর থানায় পুলিশ প্রথমে তৃণমূল নেতাকে আটক করে। পরে তাঁকে গ্রেপ্তার করা হয়।

বিধাননগরের বাড়ি মালিকের নাম আরতি রায়চৌধুরি। বৃদ্ধা পুলিশকে জানিয়েছেন, ২০১২ সাল থেকে বাড়িটি ভাড়া নিয়েছিলেন জয়প্রকাশ। ২০১৫ সালে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়। আর চুক্তির নবীকরণ হয়নি। গত ১৪ বছর ধরে এ-ই ব্লকের ৩৩৭ নম্বর বাড়ি বেআইনি ভাবে দখল করে রেখেছেন মজুমদার পরিবার। বৃদ্ধা পুলিশকে আরও জানিয়েছেন, ভাড়াটিয়া জয়প্রকাশদের আইনি নোটিস পাঠানো হয়েছিল। তাতেও তিনি কর্ণপাত করেননি। উল্টে তৃণমূল নেতা ক্ষমতার অপব্যবহার করে আরতি দেবীকে হুমকি দিয়েছেন, কটূক্তি করেছেন, নানারকম ভাবে ভয় দেখিয়ে গিয়েছেন।

YES BANK ইয়েস ব্যাঙ্ক লিমিটেড

রেজিস্টার্ড ও কর্পোরেট অফিস: ইয়েস ব্যাঙ্ক হাউস, ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ের পাশে, সান্তাক্রুজ ইস্ট, মুম্বই-৪০০০৫৫
ব্রাঞ্চ অফিস: ফার্স্ট ফ্লোর, স্টিফেন হাউস, ৫৬ই, হেমন্ত বসু সরণি, ডালহৌসি, কলকাতা-৭০০০০১
CIN: L65190MH2003PLC143249, ই-মেল: yestouch@yesbank.in, ওয়েবসাইট: www.yesbank

পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু,
ইয়েস ব্যাঙ্ক লিমিটেড (এখানে এর পরে '**ব্যাঙ্ক**' হিসেবে উল্লিখিত)-এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে '**অ্যাক্ট**' হিসেবে উল্লিখিত)-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **১০.০৩.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, **১০.০৩.২০২৬ তারিখের ভিত্তিতে** লোন অ্যাকাউন্ট নং **MIC001701358725-এর প্রেক্ষিতে ₹৩১,১৯,৫৯৫.৯৪/-** (একত্রিশ লক্ষ উনিশ হাজার পাঁচশো পঁচানব্বই টাকা এবং চুরানব্বই পয়সা মাত্র) আদায় দেওয়ার জন্য **১. লঙহর্নস লাইফস্টাইল প্রাঃ লিঃ, ২. রিৎজ প্রোজেক্টস প্রাঃ লিঃ, ৩. মিসেস দীপালি রাঠোর (লঙহর্নস লাইফস্টাইল প্রাঃ লিঃ এবং রিৎজ প্রোজেক্টস প্রাঃ লিঃ-এর ডিরেক্টর), ৪. মিঃ প্রদীপ সিং ছান্দোক, ৫. মিঃ যশজীভ সিং ছান্দোক, ৬. মিঃ প্রিয়াংশ রাঠোর** এবং **৭. মিঃ প্রশান্ত রাঠোর**-এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।
সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ সুরক্ষাপ্রদানকারী(গণ) নির্ধারিত সময়সীমার মধ্যে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা(গণ)/ সুরক্ষাপ্রদানকারী(গণ) এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল নং ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **০২.০৬.২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত উক্ত ঋণগ্রহীতা(গণ)/ সুরক্ষাপ্রদানকারী(গণ)-কে নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **১০.০৩.২০২৬** তারিখের ভিত্তিতে **লোন অ্যাকাউন্ট নং MIC001701358725**-এর প্রেক্ষিতে **₹৩১,১৯,৫৯৫.৯৪/-** (একত্রিশ লক্ষ উনিশ হাজার পাঁচশো পঁচানব্বই টাকা এবং চুরানব্বই পয়সা মাত্র) তৎসহ মাশুল, চার্জ ও খরচ এবং সুদ সহ যাবতীয় সকল অন্য বকেয়া অর্থাঙ্ক সমেত এই ব্যাঙ্ক-এর প্রতি দায় সাপেক্ষ হবে।
উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থানগুলির প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে, যেখানে এই বিষয়টি উল্লেখ করা আছে, প্রকাশ্য নিলাম/ দরপত্র/ ব্যক্তিগত চুক্তির মাধ্যমে সম্পত্তি বিক্রির নোটিস প্রকাশের আগে যে কোনও সময়ে যাবতীয় মাশুল, চার্জ ও সুরক্ষিত ঋণদাতার তরফে কৃত খরচাপাতি সমেত সুরক্ষিত ঋণদাতার যাবতীয় পাওনা অর্থাঙ্ক আপনারা সুরক্ষিত ঋণদাতাকে প্রদান করতে পারলে এই সুরক্ষিত পরিসম্পদগুলি বিক্রি বা হস্তান্তর করা হবে না এবং উক্ত সুরক্ষিত পরিসম্পদ হস্তান্তর বা বিক্রিতে পরবর্তী কোনও পদক্ষেপ গ্রহণ করা হবে না।

বন্ধকি সম্পত্তির জামিন/ জামিনস্বার্থ সম্পর্কিত বিশদ তথ্য
প্রথম তফসিল (বন্ধক রাখা ইউনিটটি যে জমিতে রয়েছে, তার বর্ণনা)

১৬ কাঠা, ১ ছটাক এবং ২৭ বর্গফুট উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত জমি এবং প্রেমিসেসের পাঁচতলা পুরাতন এবং ইটের তৈরি বিল্ডিং এবং/বা কাঠামো এবং/বা অংশের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মোট নির্মিত এলাকা ৩৫০০০ বর্গফুট, প্রতিটি ফ্লোরের নির্মাণ এলাকা ৭০০০ বর্গফুট এবং বিভিন্ন স্ক্যাংসম্পূর্ণ ব্লক এবং/বা ইউনিট, প্রেমিসেস নং ২২, হেইশাম রোড, কলকাতা-৭০০০২০, থানা ভবানীপুর, কেএমসির ওয়ার্ড নং ৭০। **চৌহদ্দি: উত্তর:** হেইশাম রোড; **দক্ষিণ:** অংশত ৩৫, জাস্টিস চন্দ্র মাধব রোড এবং অংশত সিআইটি প্লট নং ২৮৭; **পূর্ব:** রামমোহন দত্ত রোড; **পশ্চিম:** প্রেমিসেস নং ২০, হেইশাম রোড বা অন্য কিছু।
দ্বিতীয় তফসিল (বন্ধক রাখা ইউনিটের বর্ণনা) - প্রেমিসেস নং ২২, হেইশাম রোড, কলকাতা-৭০০০২০ তে জমির অবিভক্ত সমানুপাতিক অংশ সহ উক্ত প্রেমিসেসে সামান্য কমবেশি ১১৯৩ বর্গফুট বিল্ট আপ এরিয়ার গ্রাউন্ড ফ্লোরে অফিস স্পেস/শোরুম স্পেস/ইউনিট নং ২-এর সমগ্র।

তারিখ: ০৪.০৬.২০২৬ স্বাঃ- (অনুমোদিত আধিকারিক)
স্থান: কলকাতা ইয়েস ব্যাঙ্ক লিমিটেড

ইউকো ব্যাঙ্ক UCO BANK
(A Govt. of India Undertaking)
পরিশিষ্ট-IV, [রুল ৮(১) দ্রষ্টব্য]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

জোনাল অফিস, শিলিগুড়ি, হিল কার্ট রোড, শিলিগুড়ি- ৭৩৪০০১; শিবমন্দির (২৬৮৫) শাখা

আমাদের পূর্ববর্তী ২৩.০৯.২০২৫ তারিখের বিজ্ঞপ্তির বাতিলক্রমে, যা প্রত্যাহার করা হয়েছে এবং এই বিজ্ঞপ্তিটি নতুন করে জারি করা হলো
যেহেতু, ইউকো ব্যাঙ্ক, **শিবমন্দির (২৬৮৫) শাখার** অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল নং ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (৫৪/২০০২)-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতা **মিসেস কাকলি চন্দ, স্বামী- প্রয়াত শৈবাল চন্দ (প্রয়াত শ্রী শৈবাল চন্দ-এর আইনি উত্তরাধিকারী)**, ঠিকানা- ৩ জগদীশ ভট্টাচার্য সরণি, হাকিমপাড়া, বিবেকানন্দ স্কুলের কাছে, পশ্চিমবঙ্গ পিন- ৭৩৪০০১, **মিস শ্রেয়সী চন্দ (নাবালিকা) (প্রয়াত শ্রী শৈবাল চন্দ-এর আইনি উত্তরাধিকারী)-এর মাতা এবং স্বাভাবিক অভিভাবিকা মিসেস কাকলি চন্দ**, ঠিকানা- ৩ জগদীশ ভট্টাচার্য সরণি, হাকিমপাড়া, বিবেকানন্দ স্কুলের কাছে, পশ্চিমবঙ্গ, পিন- ৭৩৪০০১ এবং জামিনদার(গণ) **মিসেস কাকলি চন্দ, স্বামী- প্রয়াত শৈবাল চন্দ**, ঠিকানা- ৩ জগদীশ ভট্টাচার্য সরণি, হাকিমপাড়া, বিবেকানন্দ স্কুলের কাছে, পশ্চিমবঙ্গ- ৭৩৪০০১-এর প্রতি **০৯.১২.২০২৫** তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, **০৯.১২.২০২৫** তারিখের ভিত্তিতে ব্যাঙ্কের পাওনা বাবদ **₹২৬,৫৫,৬৩১.৪১ (ছাব্বিশ লক্ষ পঞ্চান্ন হাজার ছশো একত্রিশ টাকা এবং একচল্লিশ পয়সা মাত্র), (৩১.১২.২০২৪** পর্যন্ত সুদ সহ) আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ) /জামিনদার(গণ) দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ) /জামিনদার(গণ) এবং জনসাধারণের প্রতি জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল নং ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **০১ জুন, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত উক্ত ঋণগ্রহীতা(গণ) /জামিনদার(গণ) ও জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **০৯.১২.২০২৫** তারিখের ভিত্তিতে **₹২৬,৫৫,৬৩১.৪১ (ছাব্বিশ লক্ষ পঞ্চান্ন হাজার ছশো একত্রিশ টাকা এবং একচল্লিশ পয়সা মাত্র), (৩১.১২.২০২৪** পর্যন্ত সুদ সহ) পরবর্তীতে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল ও চার্জ ইত্যাদি সমেত ইউকো ব্যাঙ্ক-এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

সামান্য কমবেশি ০.০৬৭ একর (৪ কাঠা ১ ছটাক-এর সমতুল্য) জমির এবং তার ওপর অবস্থিত একটি দোতলা আবাসিক বিল্ডিং, যার প্রতিটি ফ্লোরের পরিমাপ আনুমানিক ১৪০৬ বর্গফুট, এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- শিলিগুড়ি, জে এল নং ১১০(৮৮), তৌজি নং ৩ (জেএ), খতিয়ান নং ৪৮৮১, আর এস প্লট নং ১০২০১, হোল্ডিং নং ১৩/৩৩৩/১৫৬, শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের ওয়ার্ড নং ১৫, পোঃঅঃ এবং থানা- শিলিগুড়ি, মহকুমা- শিলিগুড়ি, জেলা- দার্জিলিং, পশ্চিমবঙ্গ। উক্ত সম্পত্তির মালিকানা শ্রী শৈবাল চন্দ-এর নামে এবং এটি ২৮.০৯.২০২১ তারিখের বিক্রয় দলিল নং I-২৬৬৬ অনুযায়ী অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রার, শিলিগুড়ির অফিসে নিবন্ধিত। সম্পত্তির **চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর-** ডাঃ ডি এম পাল চৌধুরীর জমি; **দক্ষিণ-** বিবেকানন্দ স্কুল; **পূর্ব-** ১৬ ফুট চওড়া মিউনিসিপ্যাল রাস্তা; **পশ্চিম-** বিবেকানন্দ স্কুল।'

অনুমোদিত আধিকারিক
তারিখ: ০১.০৬.২০২৬, স্থান: শিলিগুড়ি ইউকো ব্যাঙ্ক

সৌরভ গাঙ্গুলির নিরাপত্তা কমল

আজকালের প্রতিবেদন

ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলির নিরাপত্তা কমাল রাজ্য সরকার। সিএবি সভাপতি এতদিন ধরে যে 'জেড ক্যাটেগরি'র নিরাপত্তা পেয়ে আসছিলেন, তা দু'ধাপ কমিয়ে 'ওয়াই ক্যাটেগরি'তে নামিয়ে আনা হয়েছে। সাধারণত জেড ক্যাটেগরির সুরক্ষায় রাজ্য পুলিশের কমান্ডো-সহ অন্তত ৩৫ জন কর্মী মোতায়েন থাকেন। এছাড়া রাজ্য সরকারের নিয়মানুযায়ী পাইলট গাড়িও দেওয়া হয়। তবে জানা গিয়েছে, সৌরভ গাঙ্গুলির নিরাপত্তার দায়িত্বে আদতে ৮ থেকে ১০ জন পুলিশকর্মী বহাল ছিলেন।

এর আগে ২০২৩ সালের মাঝামাঝি সময় পর্যন্ত দেশের তিনি ওয়াই ক্যাটেগরির নিরাপত্তাই পেতেন। কলকাতা পুলিশের স্পেশ্যাল ব্রাঞ্চের তিনজন কর্মী তাঁর সুরক্ষায় নিয়োজিত থাকতেন। সৌরভের বাড়িতেও পাহারায় মোতায়েন থাকতেন পুলিশকর্মীরা। পরবর্তীতে ওই বছরের মে মাসে তৎকালীন তৃণমূল কংগ্রেস সরকার তাঁর নিরাপত্তা বাড়িয়ে জেড ক্যাটেগরি করার সিদ্ধান্ত নেয়। তবে বর্তমান বিজেপি সরকার সৌরভ গাঙ্গুলির সেই নিরাপত্তা দু'ধাপ কমিয়ে ফের আগের মতোই ওয়াই ক্যাটেগরিতে ফিরিয়ে নিয়ে গেল। ওয়াই ক্যাটেগরির নিয়ম অনুযায়ী এখন থেকে তাঁর সুরক্ষায় ৩ থেকে ৪ জন কর্মী থাকবেন। তাঁদের মধ্যে দু'জন সশস্ত্র নিরাপত্তারক্ষীও অন্তর্ভুক্ত।

প্রাণনাশের হুমকি সাংসদ জ্যোতির্ময়কে

আজকালের প্রতিবেদন

পুরুলিয়া লোকসভার বিজেপির সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতোকে প্রাণনাশের হুমকি দিয়ে পোস্টার পড়ল। পোস্টারে এক লক্ষ টাকা পুরস্কারের কথাও ঘোষণা করা হয়েছে। যদিও এই হুমকি পোস্টারে কোনও সংগঠনের নাম নেই। সাংসদ পুরুলিয়ার পুলিশ সুপারের কাছে লিখিত অভিযোগ করেছেন। লোকসভার সদস্য হওয়ার পরও তাঁর নামে পোস্টার পড়েছিল বলে জানান জ্যোতির্ময়। তবে এই ঘটনা কে বা কারা এই পোস্টার দিয়েছে এ ব্যাপারে পুলিশ কিছু বলতে চায়নি।

টয় ট্রেনের আয়ে রেকর্ড

আজকালের প্রতিবেদন

টয় ট্রেন থেকে আয়ে রেকর্ড। চলতি বছর মে মাসে আয়ের নিরিখে ঐতিহ্যবাহী দার্জিলিং হিমালয়ান রেলওয়ে (ডিএইচআর) অতীতের সমস্ত রেকর্ড ভেঙে দিল। এ বছর মে মাসে ডিএইচআরের আয় হয়েছে ৩৯৫.৬০ লক্ষ টাকা। দার্জিলিং রেলওয়ের ইতিহাসে এক মাসে এত আয় আগে কখনও হয়নি। ২০২৫ সালের মে মাসে আয় হয়েছিল ৩৫৮.৬০ লক্ষ টাকা। এক বছরের ব্যবধানে ডিএইচআর কর্তৃপক্ষ আয় বাড়িয়েছে প্রায় ৩৭ লক্ষ টাকা।

NOTICE

The West Bengal State Co-operative Bank Limited, (H.O.) 24 A, Waterloo Street, Kolkata- 700069

Notice is hereby given to all concerned that **Barasat Branch** of **The West Bengal State Co-operative Bank Ltd.** will be shifted to the ground floor of the present premises at **36, Rishi Bankim Sarani, Barasat, North 24 - Parganas, Kolkata - 700124** w.e.f **-15.06.2026** (Monday). Depositors, Customers and all concerned are requested to take note that normal banking services will be available from the new location usually on and from **15.06.2026.** All concerned are requested to kindly bear with us.

Sd/-
Managing Director

ফর্ম নং: ১৪
[রেগুলেশন ৩৩(২) দ্রষ্টব্য]
প্রাপ্তিস্বীকারপত্র-সহ রেজিস্টার্ড ডাক দ্বারা, হাতে করে, ব্যর্থ হলে প্রকাশনের মাধ্যমে
রিকভারি অফিসার-1/II-এর অফিস
ডেটস রিকভারি ট্রাইবুনাল কলকাতা
(ডিআরটি ১)
ফ্লোর নং ৯, জীবন সুধা বিল্ডিং, ৪২সি, জে এল নেহরু রোড, কলকাতা-৭০০০৭১
দাবি বিজ্ঞপ্তি
রিকভারি অফ ডেটস অ্যান্ড ব্যাঙ্করাপসি অ্যাক্ট, ১৯৯৩-এর ধারা নং ২৫ থেকে ২৮ এবং ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১-এর দ্বিতীয় তফসিলের রুল ২ অধীনে নোটিস।
আরসি/১০৭/২০২৩ ১২.০২.২০২৬
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড
বনাম
বাহুবলী ফেরো টেক অ্যান্ড পাওয়ার প্রাঃ লিঃ
প্রতি:
(সিডি ১) বাহুবলী ফেরো টেক অ্যান্ড পাওয়ার প্রাঃ লিঃ
কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-এর সংস্থানাধীনে গঠিত এবং কোম্পানি যার অফিসের ঠিকানা: এজেসি টাওয়ার, ২০৪, এজেসি বোস রোড, ফ্লোর নং ২, ফ্ল্যাট নং ২বি, কলকাতা-৭০০০১৭
(সিডি ২) অশোক কুমার জৈন,
পিতা- রতন লাল জৈন,
নিবাস: ৯ই, মারুতি বিল্ডিং, ১২, লাউডন স্ট্রিট, কলকাতা-৭০০০১৭
(সিডি ৩) ইউকো ব্যাঙ্ক
১০, বিটিএম সরণি, ব্র্যাবোর্ন রোড, ফ্লোর নং ৭, কলকাতা-৭০০০০১
এতদ্দ্বারা প্রজ্ঞাপিত করা হচ্ছে যে, ওএ/৪৬৬/২০১২-এর প্রেক্ষিতে মহামান্য প্রিসাইডিং অফিসার, ডেটস রিকভারি ট্রাইবুনাল, কলকাতা (ডিআরটি ১) কর্তৃক প্রদত্ত আদেশ মোতাবেক জারিকৃত রিকভারি সার্টিফিকেট অনুযায়ী আপনাদের (যৌথ ও এককভাবে/ পূর্ণত/ সীমাবদ্ধ) থেকে ₹১,৯০,৫৮,০৭৯/- (এক কোটি নব্বই লক্ষ আটাঁয় হাজার উনআশি টাকা মাত্র), তৎসহ ১৩.১২.২০১২ থেকে আদায়ের তারিখ পর্যন্ত বার্ষিক ১৪.৫১% হারে বকেয়া ও ভবিষ্যতের সরল সুদ ও মাশুল বাবদ ₹১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) বকেয়া ও অনাদায়ী রয়েছে।
২. এতদ্দ্বারা এই নোটিস প্রাপ্তির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উপরিলিখিত অর্থাঙ্ক পরিশোধের জন্য আপনাদের প্রতি নির্দেশ দেওয়া হচ্ছে, যার অন্যথা হলে রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যাক্ট, ১৯৯৩ ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থান মোতাবেক আপনাদের বিরুদ্ধে বকেয়া পুনরুদ্ধারের আইনি প্রক্রিয়া চালানো হবে।
৩. এতদ্দ্বারা শুনানির পরবর্তী তারিখের মধ্যে আপনাদের পরিসম্পদসমূহের বিশদ খতিয়ান একটি হলফনামার মাধ্যমে ঘোষণার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।
৪. এতদ্দ্বারা এই কার্যাদির পরবর্তী প্রক্রিয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর সামনে ০৮.০৬.২০২৬ তারিখে সকাল ১০টা ৩০ মিনিটে হাজির থাকার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।
৫. ওপরে লেখা অর্থাঙ্ক ছাড়াও আপনারা নিম্নলিখিত অর্থাঙ্ক প্রদানে দায়বদ্ধ:
(ক) কার্যাদি সম্পন্নকারী এই সার্টিফিকেটের নোটিস/ প্রক্রিয়া শুরুর পরবর্তী মেয়াদের জন্য প্রদেয় সুদ;
(খ) এই নোটিস ও পরোয়ানার পরিষেবা এবং বকেয়া অর্থাঙ্ক পুনরুদ্ধারের কার্যাবলি সংক্রান্ত যাবতীয় মাশুল, চার্জ ও খরচাপাতি।
নীচে এই ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম। তারিখ: ১২.০২.২০২৬।
রিকভারি অফিসার
ডেটস রিকভারি ট্রাইবুনাল কলকাতা
(ডিআরটি-১)

কেনারা ব্যাঙ্ক Canara Bank
সিন্ডিকেট Syndicate
দখল বিজ্ঞপ্তি
পরিশিষ্ট IV
[১৩(৪) নং ধারা)]
(স্থাবর সম্পত্তির জন্য)

ব্রাঞ্চ: কাকদ্বীপ-২ (১৯৭৫৬)
নামখানা রোড, কালী মন্দিরের নিকটে, কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ ৭৪৩৩৪৭

যেহেতু:
কানাড়া ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট ৫৪/২০০২)-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা মেসার্স বাসন্তী মৎস্য আড়ত**, অফিস নয়াপাড়া, পোঃ ও থানা কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৩৪৭, প্রতিনিধিত্বকারী **মিঃ মাধব দাস (প্রোপ্রাইটর)**, পিতা বাসুদেব দাস, গ্রাম-প্রতাপাদিত্যনগর, থার্ড ঘেড়ি, পোঃ ও থানা-কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৩৪৭ এবং **মিঃ শান্তনু দাস (জামিনদার ও বন্ধকদাতা)**, পিতা নিখিল দাস, গ্রাম-গণেশপুর, থার্ড ঘেড়ি, পোঃ ও থানা-কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৩৪৭-এর প্রতি **২৭.০৩.২০২৬** তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, **২৪.০৩.২০২৬** অনুযায়ী **₹১৫,২৮,৩৪২.১৮/- (পনেরো লক্ষ আঠাশ হাজার তিনশো বিয়াল্লিশ টাকা এবং আঠারো পয়সা মাত্র),** তৎসহ এর ওপর উদ্ভূত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং ঋণগ্রহীতার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২ জুন, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **₹১৫,২৮,৩৪২.১৮/- (পনেরো লক্ষ আঠাশ হাজার তিনশো বিয়াল্লিশ টাকা এবং আঠারো পয়সা মাত্র) + ২৫.০৩.২০২৬ থেকে সুদ ও অন্যান্য খরচ সমেত কানাড়া ব্যাঙ্ক, কাকদ্বীপ-২ ব্রাঞ্চ**-এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

৭.৫০ শতক ফাঁকা বাস্তু জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, গ্রাম-গণেশপুর, মৌজা-গণেশপুর, জে এল নং ১১, তৌজি নং ২৭১৪, সি এস খতিয়ান নং ৯৫১, আর এস খতিয়ান নং ৫৯৭/২৩২১, এল আর খতিয়ান নং ১৭৪০৬, সি এস দাগ নং ১১৮৭, আর এস দাগ নং ১৯৬৭, এল আর দাগ নং ২২৭৫ এবং ২২৯৮, পোঃ ও থানা-কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৩৪৭। সম্পত্তির চৌহদ্দি: উত্তর: মহাদেব দাসের জমি; দক্ষিণ: হেমন্ত কুমার দাসের জমি; পূর্ব: সরকারি রাস্তা; পশ্চিম: খাল। ১৯৭১ সালের ২১.০৯.১৯৭১ তারিখের বিক্রয় দলিল নং ১০২৩০। **সেরসাই সিকিউরিটি অ্যাসেট আইডি: ২০০০৩৭৫৯৬৪৮২।**

তারিখ: ০২.০৬.২০২৬ অনুমোদিত আধিকারিক
স্থান: কাকদ্বীপ কানাড়া ব্যাঙ্ক

পঞ্জাব নেশনাল বৈঙ্ক (भारत सरकार का उपक्रम) pnb punjab national bank (Govt. of India Undertaking)

এআরএমবি এর্নাকুলম, পিএনবি হাউস, মার্কেট রোড, এর্নাকুলম-৬৮২ ০১১,
ফোন: ০৪৮৪-২৩৫০৪৭৭; ই-মেল : CS4459@pnb.bank.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬), ৯(১)-এর সংস্থানসমূহ-সহ প